**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জেলা ও দায়রা জজ এর কার্যালয়**
**(ইংলিশ শাখা)**
**রাজশাহী**
**rajshahi.judiciary.gov.bd**

আদেশ নং - ১০৬/জি,

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

এই জজশীপের মহাফেজ খানায় কর্মরত রেকর্ড কিপার, জনাব মোঃ আজিজুল হক, জেলা জজ আদালত, রাজশাহী এর জন্ম তারিখ ০২/০৮/১৯৬৪ খ্রিঃ । আগামী ০১/০৮/২০২৩ খ্রিঃ তারিখে ৫৯ বছর পূর্ণ হইবে। সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী আগামী ০১/০৮/২০২৩ খ্রিঃ তারিখ তাহাকে সরকারি চাকরি হইতে অবসর প্রদান করা হলো। একই আইনের ধারা-৪৭ এর বিধান অনুযায়ী ০২/০৮/২০২৩ খ্রিঃ তারিখ হইতে ০১/০৮/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর তথা ১২ (বারো) মাস পূর্ণ গড় বেতনে অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হইল।

ছুটির প্রাপ্যতা থাকায় চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১০ এর উপানুচ্ছেদ (২)(খ) মোতাবেক তাহার ১৮ (আঠার) মাসের অর্জিত ছুটির নগদায়ন (লাম্পগ্রান্ট) প্রদানে অনুমতি প্রদান করা হইল। বর্তমানে তাহার মূল বেতন ২৫,৩২০/- টাকা। সেই হিসেবে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ লাম্পগ্রান্ট (২৫,৩২০×১৮) = ৪,৫৫,৭৬০/- (চার লক্ষ পঞ্চান্ন হাজার সাতশত ষাট) টাকা।

তাহার সাধারণ ভবিষ্য তহবিল হিসাব নং- বিচার/সিংড়া/০৪, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী এর চূড়ান্ত পাওনা পরিশোধের অথরিটি প্রাপ্তি সাপেক্ষে জমাকৃত আসল ও সুদসহ সমূদয় টাকা উত্তোলনের অনুমতি প্রদান করা হইল।

তাহাকে আগামী ০১/০৮/২০২৩ খ্রিঃ তারিখ অপরাহ্নে তাহার দায়িত্বভার জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, সেরেস্তাদার, যুগ্ম জেলা ও দায়রা জজ, ২য় আদালত, রাজশাহীর নিকট অর্পণ করতঃ অবসরোত্তর ছুটিতে যাওয়ার অনুমতি দেওয়া গেল।

তিনি বিধি মোতাবেক অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্ত হবেন।
সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করানো হউক।

২৭/০৭/২৩

(মোঃ আব্দুর রহিম)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রাজশাহী
ই-মেইল: districtjudgecourt.rajshahi@gmail.com

স্মারক নং- ২৯৬(৫)/জি,

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হইল:

১। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, মহাফেজ খানা/হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রাজশাহী ।
২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। জনাব মোঃ আজিজুল হক, রেকর্ড কিপার, মহাফেজ খানা, জেলা জজ আদালত, রাজশাহী ।
৪। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, সেরেস্তাদার, যুগ্ম জেলা ও দায়রা জজ, ২য় আদালত, রাজশাহী।
৫। অফিস কপি।

মোঃ জয়নুল ইসলাম
ভারপ্রাপ্ত প্রশাসনিক কর্মকর্তা
জেলা জজ আদালত, রাজশাহী